

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০৭

জে,

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনাল সমূহের বিজ্ঞ বিচারকবৃন্দ এবং বিজ্ঞ আইনজীবীগণের মামলা শুনানীকালীন পরিধেয় পোশাক সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সাথে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় জ্যেষ্ঠ বিচারপতি মহোদয়গণের আলোচনাক্রমে এই সিদ্ধান্ত হয় যে, পরিবর্তিত পরিস্থিতিতে দেশের সকল অধস্তন দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনাল সমূহের বিজ্ঞ বিচারকবৃন্দ এবং বিজ্ঞ আইনজীবীগণ ক্ষেত্রমত সাদা শার্ট বা সাদা শাড়ী/সালোয়ার কমিজ ও সাদা নেক ব্যান্ড/কালো টাই পরিধান করবেন। এক্ষেত্রে কালো কোট এবং গাউন পরিধান করার প্রয়োজনীয়তা নেই।

২। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

৩০/০৩/২০২১

(মোঃ বদরুল আলম জুএগা)

রেজিস্ট্রার জেনারেল (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল rg@supremecourt.gov.bd


স্মারক নং- ২২৫৬

জে,

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
৩. জেলা ও দায়রা জজ (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)।
৪. মহানগর দায়রা জজ..... (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)।
৫. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ..... (সকল)।
৬. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত..... (সকল)।
৭. চেয়ারম্যান/সদস্য, নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল/কোর্ট অফ সেটেলমেন্ট..... (সকল)।
৮. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল..... (সকল)।
৯. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..... (সকল)।
১০. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
১১. সদস্য (জেলা জজ), ট্যাকসেস আপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা।
১২. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
১৩. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট (সকল) (অধীনস্থ বিচার বিভাগীয় কর্মকর্তাদের অবগত করার অনুরোধ করা হলো)।
১৪. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি..... (সকল)।
১৫. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৬. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১৭. নোটিশ বোর্ড।



(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬১৯৩২